

সমকাল

শনিবার জেএসসি-জেডিসিতে বসছে সাড়ে ২৬ লাখ শিক্ষার্থী

০১ নভেম্বর ২০১৯

সমকাল প্রতিবেদক



ফাইল ছবি

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা শুরু হচ্ছে শনিবার। প্রথম দিন জেএসসির বাংলা এবং জেডিসির কোরআন মাজিদ ও তাজভিদ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, দুই পরীক্ষায় সারাদেশে ২ হাজার ৯৮২ কেন্দ্রে অংশ নেবে ২৬ লাখ ৬১ হাজার ৬৮২ শিক্ষার্থী। এবার জেএসসি পরীক্ষার্থী ২২ লাখ ৬০ হাজার ৭১৬ জন। জেডিসি পরীক্ষার্থী ৪ লাখ ৯৬৬ জন। ছাত্র ১২ লাখ ২১ হাজার ৬৯৫ জন এবং ছাত্রী ১৪ লাখ ৩৯ হাজার ৯৮৭ জন। ছাত্রের তুলনায় ছাত্রীর সংখ্যা ২ লাখ ১৮ হাজার ২৯২ জন বেশি।

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি শনিবার সকাল ৯ টায় রাজধানীর কেরানীগঞ্জের জিজিরা পিএম পাইলট উচ্চ মাধ্যমিক বিদ্যালয় জেএসসি পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করবেন। প্রশ্নপত্র ফাঁস রোধে বিভিন্ন ধরনের পদক্ষেপ নেওয়ার কথা জানিয়ে গত ২৯ অক্টোবর নিজ মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী জানান, জেএসসি ও জেডিসি পরীক্ষা উপলক্ষে গত ২৫ অক্টোবর থেকে আগামী ১৫ নভেম্বর পর্যন্ত দেশে সব ধরনের কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। তিনি প্রশ্নপত্র ফাঁসের গুজবের ফাঁদে না পড়তে অভিভাবকদের প্রতি আহ্বান জানান।

শিক্ষা বোর্ডের তথ্য অনুযায়ী, এবার পরীক্ষার্থীদের ৭টি বিষয়ে ৬৫০ নম্বরের পরীক্ষা হবে। ইংরেজি ছাড়া সকল বিষয়ে সৃজনশীল প্রশ্নে পরীক্ষা দিতে হবে। শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, কর্ম ও জীবনমুখী শিক্ষা, চারু ও কারুকলা, কৃষি শিক্ষা, গার্হস্থ্য বিজ্ঞান, আরবি, সংস্কৃত, পালি বিষয়গুলো এনসিটিবির নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়ন করা হয়েছে।

পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট আগে পরীক্ষার্থীদেরকে অবশ্যই পরীক্ষা কক্ষে প্রবেশ করতে হবে। তবে অনিবার্য কারণে কোনো পরীক্ষার্থীকে এ সময়ের পরে হলে প্রবেশ করতে দিলে তাদের নাম, রোল নম্বর, প্রবেশের সময়, দেরি হওয়ার কারণ ইত্যাদি একটি রেজিস্ট্রারে লিপিবদ্ধ করে ঐদিনই সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে প্রতিবেদন দিতে হবে।

পরীক্ষা চলাকালে পরীক্ষা কেন্দ্রের ২০০ মিটারের মধ্যে শিক্ষক, ছাত্র ও কর্মচারীদের মোবাইল, মোবাইল ফোনের সুবিধাসহ ঘড়ি, কলম এবং পরীক্ষা কেন্দ্রে ব্যবহারের অনুমতিবিহীন যে কোন ইলেক্ট্রনিক্স ডিভাইস ব্যবহার নিষিদ্ধ থাকবে।

চট্টগ্রামে পরীক্ষায় অংশ নিচ্ছে রেকর্ড সংখ্যক শিক্ষার্থী: চট্টগ্রাম ব্যুরো জানায়, জেএসসি পরীক্ষায় এবার চট্টগ্রাম শিক্ষাবোর্ডে রেকর্ড সংখ্যক ২ লাখ ৮ হাজার ৯৮৮ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। তাদের মধ্যে ছাত্র ৯২ হাজার ৫৫৯ জন এবং ছাত্রী ১ লাখ ১৬ হাজার ৪২৯ জন। পরীক্ষাকে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে সব ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে বোর্ড কর্তৃপক্ষ ও জেলা প্রশাসন।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ মাহবুব হাসান সমকালকে জানান, চট্টগ্রাম বোর্ডের অধীনে থাকা ১ হাজার ২৭৩টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা মোট ২৩১টি কেন্দ্রে পরীক্ষা দেবে। কেন্দ্র পরিদর্শনে থাকবে ১০টি পরিদর্শক দল। গত বছর এ শিক্ষাবোর্ডের অধীনে ১ হাজার ২৪০টি বিদ্যালয়ের ২ লাখ ২ হাজার ৪৫৫ জন পরীক্ষার্থী জেএসসি পরীক্ষায় অংশ নেয়।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com